

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৮৭

তারিখ: ১ আশ্বিন ১৪২৮

১৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কনটেম্পট পিটিশন নং-৭২/২০২০ (রিট পিটিশন নং-৭৪৭৫/২০১৭ হতে উদ্ধৃত) মামলা পরিচালনা  
প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার নালিতাবাড়ি উপজেলার বাগিচাপুর গ্রামের মোক্তার হোসেনসহ মোট ৬২ (বাষট্টি) জন নিয়োগ প্রদানের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৭৪৭৫/২০১৭ মামলা দায়ের করেন। রীট পিটিশন নং-৭৪৭৫/২০১৭ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মোক্তার হোসেনসহ মোট ২৮ (আটাশ) জন মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৭২/২০২০ (রিট পিটিশন নং-৭৪৭৫/২০১৭ হতে উদ্ধৃত) মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)সহ মোট ০৫ (পাঁচ) জন-কে বিবাদী করা হয়েছে।

যেহেতু কনটেম্পট পিটিশন নং- ৭২/২০২০(রিট পিটিশন নং-৭৪৭৫/২০১৭ হতে উদ্ধৃত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিয়োক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- কনটেম্পট পিটিশন নং-৭২/২০২০ (রিট পিটিশন নং-৭৪৭৫/২০১৭ হতে উদ্ধৃত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।
- উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

১৬-৯-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

চেয়ারম্যান

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

(এনটিআরসিএ)

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৮৭/১(৫)

তারিখ: ১ আশ্বিন ১৪২৮  
১৬ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-৯-২০২১  
মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব